যুগান্তর

তারিখ ... 11 APR 2017 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৮ ...

# প্রাথমিকের বৃত্তির ফল আজ

**যুগান্তর রিপোর্ট**

প্রাথমিকের বৃত্তির ফল আজ প্রকাশ করা হবে। এবার সাড়ে ৮২ হাজার শিক্ষার্থীকে এই বৃত্তি দেয়ার বাজেট বরাদ্দ আছে। গত নভেম্বরে অনুষ্ঠিত প্রাথমিক শিক্ষা সমাপনী (পিইসি) পরীক্ষার ফলের ভিত্তিতে এই বৃত্তি দেয়া হচ্ছে।
প্রাথমিকের ফলের সঙ্গে এদিন ইবতেদায়ি শিক্ষা সমাপনী পরীক্ষার বৃত্তির ফলও প্রকাশ করা হবে। এ উপলক্ষে দুপুরে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়েছে। সাড়ে ৮২ হাজার বৃত্তির মধ্যে মেধা কোটায় বা ট্যালেন্টপুলে ৩৩ হাজার শিক্ষার্থী এবং সাধারণ কোটায় আছে সাড়ে ৪৯ হাজার। মেধা কোটায় বৃত্তিপ্রাপ্তরা ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণী পর্যন্ত প্রতি মাসে তিনশ' টাকা, আর সাধারণ কোটায় ২২৫ টাকা করে পাবে। সাধারণ কোটায় ইউনিয়ন ও পৌরসভার প্রতিটি ওয়ার্ডে ছয়টি করে বৃত্তি দেয়া হবে। এর ছাত্রী ৩ ও ছাত্র ৩ জন। এছাড়া ওয়ার্ড পর্যায়ে বৃত্তি প্রদানের পর অবশিষ্ট বৃত্তি হতে প্রতিটি উপজেলায় বা থানায় ২ ছাত্র ও ২ ছাত্রীকে বৃত্তি দেয়া হবে। প্রতি বিভাগের শিক্ষার্থীদের ফলাফলের ভিত্তিতে প্রতিটি বিভাগ হতে তিনটি করে ২৪টি সাধারণ বৃত্তি প্রদানের পর চারটি সাধারণ বৃত্তি সংরক্ষণ করা হবে। ২০১৬ সালের পিইসি পরীক্ষায় ৯৮ দশমিক ৫১ শতাংশ ও ইবতেদায়িতে ৯৫ দশমিক ৮৫ শতাংশ শিক্ষার্থী পাস করেছে। এর মধ্যে প্রাথমিকে জিপিএ-৫ পেয়েছে দুই লাখ ৮১ হাজার ৮৯৮ ও ইবতেদায়িতে পাঁচ হাজার ৯৪৮ জন। বৃত্তিপ্রাপ্তদের প্রায় সবাই জিপিএ-৫ প্রাপ্ত বলে জানা গেছে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.......................................
চীফ. পরিসংখ্যান বিভাগ
চীফ. ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর